




## দানব সৃষ্টি ঠেকাতেই' উচ্চক্ষের প্রস্তাব: বদিউল আলম মজুমদার



সংগৃহীত ছবি

জবাবদিহিতা নিশ্চিত ও ক্ষমতার ভারসাম্য রক্ষায় প্রতিষেধক হিসেবে উচ্চক্ষের প্রস্তাব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান বদিউল আলম মজুমদার।

নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান বদিউল আলম মজুমদার বলেছেন, কাউকে 'দানবে পরিণত' হওয়া থেকে রক্ষা করতেই উচ্চক্ষের প্রস্তাব করা হয়েছে।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) সিপিডি আয়োজিত এক সংলাপে তিনি বলেন, “ব্যক্তিগতভাবে আমি একমত নই, তবে বাস্তবতায় এটি জরুরি হয়ে পড়েছে। জবাবদিহিতার অভাবেই শেখ হাসিনা দানবে পরিণত হয়েছিলেন।”

তিনি জানান, ভোটের অসামঞ্জস্যই রাজনৈতিক ভারসাম্য নষ্ট করেছে। উদাহরণ দিয়ে বলেন, ২০০৮ সালে আওয়ামী লীগ ৪৮% ভোটে ২৩০ আসন পেয়েছিল, বিএনপি ৩২% ভোটে মাত্র ৩০টি। এই বৈষম্যই স্বৈরাচারী প্রবণতা বাড়ায়।

তিনি আরও বলেন, “চেক অ্যান্ড ব্যালেন্সের জন্যই উচ্চক্ষের প্রস্তাব, যাতে ভবিষ্যতে কেউ দানবে পরিণত না হয়,”